


যেখানের আগুন নিব্বান সেখানেতে।
 ঘরবেড়া কিছু না পুড়িল আগুনেতে।।
 পাগল কহিল রাইচরণের তরে।
 ‘যাও যদি ওড়াকান্দী এস সমিভ্যরে।’
 তাহা শুনি ভাসে রাই প্রেমের তরঙ্গে।
 প্রভাতে চলিল রাই পাগলের সঙ্গে।।
 পাগল আসিয়া বাসুড়িয়া থামে রয়।
 রাইচরণকে কহে ‘যাও নিজালয়।’
 কাছারী হইতে এক পেয়াদা আসিয়া।
 রাইচরণকে নিল কাছারী ধরিয়া।।
 নায়েব কহেন ‘কেন গাছ কেটেছিস্।
 থামীরা জুটিয়া সবে করেছে নালিশ।।
 আগুন জ্বালালি কেন ঘরের বেড়ায়।
 তুই পুড়ে যাস্ মোর গ্রাম পুড়ে যায়।’
 রাই কহে ‘আমি এর কিছুই না জানি।
 ভাবের পাগল এক তাঁর কথা শুনি।।
 সেই কহে তালগাছ কাটিবার তরে।
 গাছ কাটিয়াছি তাঁর বাক্য অনুসারে।।
 গাছের ডাগুয়া পাতা ঘরের পিছনে।
 রাখিয়াছিলাম পাতা বেড়ার সংলগ্নে।।
 রাত্রিযোগে ছিনু আমি ঘরেতে শুইয়া।
 পাগল আসিয়া দেয় আগুন জ্বালিয়া।।
 ডাগুয়া পুড়িয়া তার পাতা পুড়ে গেল।
 আট-দশ-হাত অগ্নি উর্দ্ধেতে উঠিল।।
 চালের উপর দিয়া অগ্নি বাহিরায়।
 আগুন দেখিয়া আমি করি হায় হায়।।
 ভয় নাই কহে মোরে পাগল গৌঁসাই।
 তালপাতা পুড়ে গেল ঘর পুড়ে নাই।।’
 বাবু কেহ পাগলের কার্যে দোষ নাই।
 ঈশ্বরের তুল্য ব্যক্তি পাগল গৌঁসাই।।
 তোমার নাহিক দোষ যাও নিজ ঘরে।
 পাগলে কহিও যেন দয়া থাকে মোরে।।’

কস্মকর্তা হরি পাগলের ঠাকুরালী।
 এতদিনে শত্রু মুখে প’ল চুনকালি।।
 পাগলে ভাবিয়া রাই উঠে কাঁদি কাঁদি।
 চারিদিন পরে যাত্রা কৈল ওড়াকান্দী।।
 দেখিয়া ঠাকুর রাইচরণে জিজ্ঞাসে।
 ‘অদ্য বাছা ওড়াকান্দী এলে কি মানসে।’
 রাই কহে ‘শ্রীচরণ দর্শন আশায়।’
 মহাপ্রভু বলে “বৎস! তাহা বুঝি নয়।।
 মোর প্রতি ভক্তি তোর আছে ত নিশ্চয়।
 এবে এলি গোলোকে রে দেখিতে আশায়।।
 যেই ভক্ত সেই আমি গ্রন্থে লেখে স্পষ্ট।
 গোলোকে সেবিলে আমি আরো বেশী তুষ্ট।।
 বাড়ী ছিল তালগাছ কেটেছিস্ নাকি।
 আগুনে পুড়িস্ নাই শুনে হৈনু সুখী।।
 যাহা হোক তাহা হোক তোমার সৌভাগ্য।
 হ’য়েছে তোমার বাড়ী রাজসূয় যজ্ঞ।।
 যা করে গোলোক আমি করি সেই কাজ।”
 পয়ার প্রবন্ধে কহে কবি রসরাজ।।



গোস্বামীর দক্ষিণদেশে ভ্রমণ

কিছুদিন ওড়াকান্দী করিয়া বিশ্রাম।
 পাগল চলিল পুনঃ গঙ্গাচর্ণা থাম।।
 যাওয়া মাত্র রাইচরণকে ডেকে কয়।
 ‘বইবুনে যাইব আমার সঙ্গে আয়।’
 অমনি চলিল রাই পাগল সঙ্গেতে।
 চলিলেন পাগলামি করিতে করিতে।।
 ‘জয়হরি বলরে গৌঁরহরি বল।
 ‘রাম জয়’ ধ্বনি করি চলিল পাগল।।
 ধ্বনি শুনি লোক সব হৈল চমকিত।
 মাঠিভাঙ্গ হাটখোলা হৈল উপনীত।।